



ঢাকা বিশ্ববিদ্যালয়

“ফিল্ডওয়ার্কের নীতিমালা-২০২৫” সিডিকেট সভায় (০৮/০১/২০২৬) অনুমোদন

একাডেমিক কাউন্সিলের (২৬/১১/২০২৫) সুপারিশ অনুযায়ী মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা)-এর সভাপতিত্বে গত ৩০/০৪/২০২৫ তারিখে ফিল্ডওয়ার্কের নীতিমালা সংক্রান্ত কমিটি কর্তৃক পরিশিষ্ট “ক”-এ বর্ণিত ফিল্ডওয়ার্কের নীতিমালা-২০২৫ সিডিকেট সভায় অনুমোদনের জন্য সুপারিশ করে প্রেরণ করা হয়। গত ০৮/০১/২০২৬ তারিখের সিডিকেট সভায় পরিশিষ্ট “ক”-এ বর্ণিত ফিল্ডওয়ার্কের নীতিমালা-২০২৫ অনুমোদন করা হয়। বিশ্ববিদ্যালয়ের সকল অফিসে শিক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ এতদসংক্রান্ত “ফিল্ডওয়ার্কের নীতিমালা-২০২৫” নথিটি সংরক্ষণ ও অবগতিসহ প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষরিত/-

(শিউলি আফছার)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়।

স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/ ৩৯০৮ - সি

তারিখঃ ২৩/১০/১৪৩২ বঙ্গাব্দ
২৭/১২/২০২৫ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্ন লিখিতদের নিকট অনুলিপি প্রেরিত হলোঃ-

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, সকল হল ও হোস্টেল, ঢাকা বিশ্ববিদ্যালয়

স্বাক্ষরিত "ক"
S.M. 8-07-2026
A.C. 26-11-2025

ঢাকা বিশ্ববিদ্যালয়
খসড়া ফিল্ডওয়ার্ক নীতিমালা ২০২৫

ভূমিকা: বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞানে অধ্যয়নরত শিক্ষার্থীদের পাঠ্যক্রমে ফিল্ডওয়ার্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি উপাদান। এটি শ্রেণীকক্ষে অর্জিত তাত্ত্বিক জ্ঞান বাস্তবে প্রয়োগের সুযোগ সৃষ্টি করে দেয়। ফিল্ডওয়ার্কে শিক্ষার্থীরা মাঠপর্যায়ে তথ্য ও উপাত্ত সংগ্রহ, পর্যবেক্ষণ, বিশ্লেষণ, ইত্যাদির মাধ্যমে তাদের সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব জ্ঞান অর্জন করে। এ কারণে এ সমস্ত বিভাগের শিক্ষা কার্যক্রমে ফিল্ডওয়ার্ক অপরিহার্য অংশ।

সংজ্ঞা: ক্রেডিট ঘন্টা (Credit Hour) সহ ফিল্ডওয়ার্ক কোর্স বিভাগের একাডেমিক পাঠ্যক্রমের (Academic Curriculum) অন্তর্ভুক্ত থাকতে হবে। ফিল্ডওয়ার্ক কোর্সটি সংশ্লিষ্ট বিভাগের প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট এলাকার প্রাকৃতিক এবং সামাজিক পরিবেশে মাঠপর্যায়ে বিভিন্ন ধরনের তথ্য ও উপাত্ত সংগ্রহের জন্য বিভাগের বিশেষজ্ঞ শিক্ষকদের তত্ত্বাবধানে একটি শ্রেণীর সকল শিক্ষার্থীদের নিয়ে পরিচালিত হবে। এতে বিভাগ ভিত্তিক কিছু নির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করে সংশ্লিষ্ট বিষয়ের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণের জন্য উপযুক্ত যন্ত্রপাতি ও কৌশল ব্যবহার করার প্রশিক্ষণ হাতে কলমে প্রদান করা হবে।

তবে শিক্ষা সফর, এক্সকারশন, ইত্যাদি বিভাগের একাডেমিক পাঠ্যক্রমে ক্রেডিট ঘন্টাসহ কোর্স হিসেবে অন্তর্ভুক্ত না হয়, তাহলে এগুলো ফিল্ডওয়ার্ক হিসেবে গণ্য করা হবে না। বিভিন্ন সময়কালের ইন্টার্নশিপও ফিল্ডওয়ার্ক হিসেবে বিবেচিত হবে না।

লক্ষ্য ও উদ্দেশ্য: ফিল্ডওয়ার্ক কোর্স মাঠপর্যায়ে শিক্ষার্থীদের প্রাকৃতিক এবং সামাজিক পরিবেশে সংশ্লিষ্ট বিষয়ে তথ্য ও উপাত্ত সংগ্রহ, পর্যবেক্ষণ, বিশ্লেষণ, ইত্যাদির মাধ্যমে বাস্তব অভিজ্ঞতা প্রদানের জন্য একাডেমিক পাঠ্যক্রমে সংযোজন করা হয়।

নিয়মাবলী: ফিল্ডওয়ার্ক কোর্স পরিচালনা করার জন্য নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করতে হবে:

১. ক্রেডিট ঘন্টাসহ ফিল্ডওয়ার্ক কোর্স বিভাগের একাডেমিক পাঠ্যক্রমের (Academic Curriculum) অন্তর্ভুক্ত থাকতে হবে।
২. ফিল্ডওয়ার্ক কোর্সে নিম্নলিখিত উপাদানগুলো অন্তর্ভুক্ত করতে হবে (যদিও তা এর মধ্যেই সীমাবদ্ধ নয়):
 - ১) একটি নির্দিষ্ট কোর্স নম্বর (Specific Course Number), ২) কোর্সের শিরোনাম (Course Title), ৩) ক্রেডিট ঘন্টা (Credit Hour), ৪) কোর্সের উদ্দেশ্য (Course Objective), ৫) কোর্সের বিবরণ (Course Description), ৬) শিখন ফলাফল (Learning Outcomes), ৭) কোর্সের উপাদান (Course Content): ফিল্ডওয়ার্কের প্রকৃতি, ফিল্ডওয়ার্ক চলাকালীন এবং পরবর্তী কার্যক্রম, ৮) নির্দেশমূলক কৌশলসমূহ (Instructional Strategies), ৯) মূল্যায়ন (Assesment): i) ক্রমাগত মূল্যায়ন (Continuous Assesment): ৪০% (Field Performance: ২০% এবং Field Viva: ২০% এবং ii) সমাপ্তিগত মূল্যায়ন (Summative Assesment): ৬০% (Field Report: ৪০% এবং Presentation: ২০%), ১০) পড়ার উপকরণ (Reading Materials), ইত্যাদি।

২০২৫

S.M.